গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
প্রভাতী প্রকল্প (ডিডিএম অংশ)
দুর্যোগ ব্যবস্থাপনা ভবন
৯২-৯৩ মহাখালী বা/এ, ঢাকা-১২১২
www.ddm.gov.bd

**প্রভাতী প্রকল্প এবং বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সমন্বয় সভার কার্যবিবরণী**

সভাপতি: নিতাই চন্দ্র দে সরকার
পরিচালক (এমআইএম-চ.দা)
দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ও
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট

তারিখ : ১৪ অগাস্ট, ২০২২ সময়: বিকাল ৪.০০ ঘটিকা
স্থান : মিনি কনফারেন্স রুম (৭ম তলা)
হাজিরা : পরিশিষ্ট — ক

সভাপতি উপস্থিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি জানান প্রকল্পের কাজের বিবিধ কার্যক্রমের সাথে বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্রের সংশ্লিষ্টতা নিয়ে আলোচনার জন্য এ সভার আয়োজন করা হয়েছে। অতঃপর সভাপতি এ বিষয়ে আলোচনায় অংশগ্রহনে পানি উন্নয়ন বোর্ডের প্রতিনিধিসহ সকলকে আহবান জানান।

০২। সভায় বিস্তারিত আলোচনার প্রেক্ষিতে প্রাপ্ত মতামতের ভিত্তিতে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| ১ | প্রকল্প কর্মকান্ডে পানি উন্নয়ন বোর্ড এর সংশ্লিষ্টতা | প্রভাতী প্রকল্পের আওতায়, FFWC এবং স্থানীয় স্টেকহোল্ডারদের সাথে পরামর্শ করে প্রকল্প এলাকাগুলোতে পানি সমতল গেজ সমূহের বন্যার বিপদসীমা পর্যালোচনা, হালনাগাদ করা এবং প্রয়োজন সাপেক্ষে নতুন গেজ স্থাপনের বিষয়ে আলোচনা হয়। এছাড়া, প্লাবন মানচিত্রের প্রযুক্তিগত উন্নয়নের জন্য এই প্রকল্পে FFWC এর সহযোগিতা প্রয়োজন রয়েছে মর্মে আলোচনা হয়। | প্রকল্প বাস্তবায়নে সহযোগিতার ক্ষেত্রসমূহ নিয়ে আলোচনার জন্য পানি উন্নয়ন বোর্ড কে পত্র প্রেরণ করতে হবে। | উপপ্রকল্প সমন্বয়ক (ICT) ও প্রোগ্রাম ম্যানেজার |
| ২ | মাঠ পর্যায়ে সুফল প্রকল্পের কার্যক্রম সমূহে প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট প্রতিনিধিদের উপস্থিতি | SUFAL-II প্রকল্পের কিছু কার্যক্রম প্রভাতী প্রকল্পের সাথে সাদৃশ্যপূর্ণ রয়েছে, যেমন আগাম সতর্কতা তৈরি এবং প্রচার, মাঠ পর্যায়ে পানি সমতল গেজ সমূহের বন্যার বিপদসীমা পর্যালোচনা সভার আয়োজন ইত্যাদি। উভয় প্রকল্পের | ক) প্রভাতী প্রকল্পের আওতাভুক্ত এলাকায় সুফলের কার্যক্রম গুলোতে মাঠ পর্যায়ে প্রভাতী প্রকল্প ডিডিএম কম্পোনেন্ট এর প্রতিনিধিদের উপস্থিতি নিশ্চিত করতে হবে। | প্রকল্প সমন্বয়ক ও প্রোগ্রাম ম্যানেজার |

| ক্র: নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্মকর্তা |
|---|---|---|---|---|
| | | আওতায় সাদৃশ্যপূর্ণ কার্যক্রমের দ্বৈততা পরিহারের জন্য সুফল প্রকল্প কর্তৃক পরিচালিত মাঠ পর্যায়ের কর্মকান্ডে প্রভাতী প্রকল্প ডিডিএম কম্পোনেন্ট এর প্রতিনিধিবৃন্দের অংশগ্রহণ নিশ্চিতকরণের বিষয়ে আলোচনা হয়। | খ) দ্বৈততা পরিহারের লক্ষ্যে SUFAL-II প্রকল্পসহ অন্যান্যদের সাথে আলোচনা অব্যাহত রাখতে হবে। | |

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(নিতাই চন্দ্র দে সরকার)
প্রকল্প সমন্বয়ক
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ও
পরিচালক (এমআইএম-চ.দা.)
ফোনঃ ০২-২২২২৯৫৩৫৬
ই-মেইলঃ dmim@ddm.gov.bd

স্মারক নং- ৫১.০১.০০০০.০৪৬.২৯.০০২.২১ তারিখ: ১৬-০৮-২০২২ খ্রিঃ

**অনুলিপি: সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থে:**

০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০২। প্রকল্প পরিচালক, প্রভাতী প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
০৩।নির্বাহী প্রকৌশলী,বন্যা পূর্বাভাস ও সতর্কীকরণ কেন্দ্র,বাংলাদেশ পানি উন্নয়ন বোর্ড , ঢাকা।
০৪। ডেপুটি প্রজেক্ট কো-অর্ডিনেটর (GIS ও RM), প্রভাতী প্রকল্প-(ডিডিএম অংশ), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
০৫। কান্ট্রি প্রোগ্রাম লিড-বাংলাদেশ, RIMES।
০৬। পিএ টু পরিচালক (এমআইএম), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর (পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(প্রবীর কুমার দাস)
উপপ্রকল্প সমন্বয়ক(ICT)
প্রভাতী প্রকল্প-ডিডিএম কম্পোনেন্ট
ফোনঃ ০২-২২২২৯২৬৩৪